

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৪ কার্তিক ১৪২৯/১৯ অক্টোবর ২০২২

নং ৪৬.০০.০০০০.০৪৬.২৭.১৫৪.১৯-২২১—জনাব মোহাঃ আব্দুল কাদের, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ'র বিরুদ্ধে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহারে অনিয়ম ও স্বেচ্ছাচারিতা এবং নৈতিক স্বলনজনিত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে; এবং

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(খ) ও (গ) ধারায় বর্ণিত অপরাধে একই আইনের ১৩ (২) ধারা অনুযায়ী কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাবে আনীত অভিযোগ খণ্ডনের বিষয়ে যথেষ্ট তথ্য প্রমাণ উপস্থাপনে অসমর্থ হওয়ায়; তার বিরুদ্ধে আনীত অভিযোগ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(খ) ও (গ) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাকে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলা পরিষদ চেয়ারম্যানের পদ থেকে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর উল্লিখিত ধারা অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোহাঃ আব্দুল কাদেরকে স্থায়ী পদ থেকে অপসারণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুবা আইরিন

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৮১৩)

মূল্য : টাকা ৪.০০